



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

Phone: +8802334487587

Email: [crmchandpur@krishibank.org.bd](mailto:crmchandpur@krishibank.org.bd)

## বিষয় : জানুয়ারি, ২০২২ হতে মার্চ, ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি	:	জনাব মোঃ ফাতেহু খান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
তারিখ ও সময়	:	১৬/০৩/২০২২ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান	:	মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।
উপস্থিতি	:	প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যগনসহ সভাপতি মহোদয়।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভায় জনাব মোঃ আব্দুল মালেক খান কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনীত করা হয়। সভাপতি মহোদয় শুদ্ধাচার নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ ১০০% বাস্তবায়নের জন্য অঞ্চলের শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিরলস ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানান।

০২। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় :

- ৩.১) ১ম ও ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।
- ৩.২) সকল গ্রাহকের ৭টি মৌলিক তথ্য (নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা, জন্ম তারিখ, এনআইডি নং, নমিনীর নাম) সিবিএস এ হালনাগাদ করার কাজটি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সম্পাদন করতে হবে।
- ৩.৩) আসন্ন ঈদ-উল-ফিতর কে সামনে রেখে অধিক পরিমাণ রেমিট্যান্স ও আমানত সংগ্রহের পরিমাণ বৃদ্ধি করতে হবে। অত্র ব্যাংকের সেবা সমূহ সম্পর্কে গ্রাহককে অবহিত করার জন্য জোর প্রচার প্রচারনা করতে হবে।
- ৩.৪) সকল ঋণের তথ্য সিআইবি ডাটাবেইজে অন্তর্ভুক্ত করার বিষয়ে গুরুত্ব দিয়ে কাজ করতে হবে এবং তথ্য হালনাগাদ করতে হবে।
- ৩.৫) শাখা/কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধিমালা অনুসরণ এবং ব্যক্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন থাকতে হবে। কাজের ক্ষেত্রে সততা, নৈতিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
- ৩.৬) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ৪র্থ ত্রৈমাসিক/ প্রান্তিকের (জানুয়ারী, ২০২২ - মার্চ, ২০২২) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ ফাতেহু খান)  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভার সভাপতি


বিষয় : জানুয়ারি, ২০২২ হতে মার্চ, ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের  
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

নং-মু:আ:কা:(চাঁদ)প্রশা-১২১/জাতীয় শুদ্ধাচার-০১/২০২১-২০২২/২৪৯৬

ইমেইলযোগে  
তারিখ : ৩১/০৩/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, চাঁদপুর মুখ্য অঞ্চল, চাঁদপুর।

  
(মোঃ আঃ মালেক খান)  
মুখ্য কর্মকর্তা